



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০১.২০.১৭৬

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪২৭

১৪ জুন ২০২০

বিষয়: জ্যেষ্ঠতা লঙ্ঘন, প্রভিডেন্ট ফান্ড না খোলা ও হরানি করার অভিযোগের ভিত্তিতে গঠিত তদন্ত কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন না করা প্রসঙ্গে।

সূত্র: (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭০.৭৭.০০১.১৮.৩১৬ তারিখ : ০১.০১.২০২০ খ্রি.

(২) মাউশি অধিদপ্তরের স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০১.২০.৩১ তারিখ : ২৩.০১.২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭০.৭৭. ০০১.১৮. ৩১৬ তারিখ : ০১.০১.২০২০ খ্রি. নির্দেশনা মোতাবেক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৩৭.০২.০০০০. ১০৫.৯৯.০০১.২০.৩১ তারিখ : ২৩.০১.২০২০ পত্রে সিলেট জেলার আমজদ উল্লাহ ডিগ্রী কলেজের অধ্যক্ষকে নিম্নোক্ত নির্দেশনা দেয়া হয়।

(ক) সিলেট জেলার বিশ্বনাথ আমজদ উল্লাহ ডিগ্রী কলেজের অধ্যক্ষকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বেসরকারি কলেজ শিক্ষকদের চাকুরীর শর্তাবলী রেগুলেশন(সংশোধিত), ২০১৯ এর ৩১ দ্বারা অনুসারে নাছরিন জাহানসহ সকল শিক্ষকদের বিধিমোতাবেক ভবিষ্যত তহবিল সংক্রান্ত সুবিধা প্রদান;

(খ) জনাব নাছরিন জাহান, ইনডেক্স : ৩০৯০৪৫২, প্রভাষক(অর্থনীতি) কে বিধিমোতাবেক জ্যেষ্ঠতা প্রদান;

(গ) অধ্যক্ষসহ সকল শিক্ষক-শিক্ষিকা এবং কর্মকর্তা-কর্মচারীদের জ্যেষ্ঠতার ক্রমানুসারে ডিজিটাল হাজিরা পদ্ধতির (সফটওয়্যারসহ আনুসঙ্গিক) প্রয়োজনীয় সংশোধন;

(ঘ) অধ্যক্ষ জনাব মো: নেহার আহমদ সরকারি নীতিমালা অমান্য, কলেজ পরিচালনায় অদক্ষতা এবং জ্যেষ্ঠতা লংঘন করেছেন মর্মে তদন্তে প্রতীয়মান হওয়ায় তাকে এরূপ কাজ হতে বিরত থাকা এবং ভবিষ্যতের জন্য সতর্ক করা।

মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করে ৭ কর্মদিবসের মধ্যে বাস্তবায়ন প্রতিবেদন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে দাখিল করার জন্য সূত্রোক্ত ২ নং স্মারকপত্রে অধ্যক্ষকে নির্দেশনা দেয়া হয়। কিন্তু অধ্যক্ষ অদ্যাবধি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পত্রের নির্দেশনা বাস্তবায়ন করেননি।

এমতাবস্থায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০১.২০.৩১ তারিখ : ২৩.০১. ২০২০ খ্রি. এর পত্রের নির্দেশনা বাস্তবায়ন না করায় জনবল কাঠামো-২০১৮ এর ১৮.১(খ) অনুসারে কেন অধ্যক্ষের বেতন ভাতা স্থগিত করা হবে না এ বিষয়ে পত্রজারির ০৭(সাত) কর্মদিবসের ব্যাখ্যা দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৪-৬-২০২০

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক


অধ্যক্ষ, উত্তর বিশ্বনাথ আমজদ উল্লাহ ডিগ্রী কলেজ, বিশ্বনাথ,
সিলেট ;

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০১.২০.১৭৬/১

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪২৭
১৪ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট;
- ৩) সভাপতি, গভর্নিং বডি, উত্তর বিশ্বনাথ আমজদ উল্লাহ ডিগ্রি কলেজ, বিশ্বনাথ, সিলেট;
- ৪) জনাব নাসরিন জাহান, প্রভাষক(অর্থনীতি), উত্তর বিশ্বনাথ আমজদ উল্লাহ ডিগ্রি কলেজ, বিশ্বনাথ, সিলেট;



১৪-৬-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক